# বোধ -পরীক্ষণের নমুনা

## (১)

ঠাকুরবাড়িতে বাবামশায়ের শোবার ঘরটা নতুন করে সাজানো হচ্ছে তখন। মস্ত একটা চাবি দিয়ে সে ঘরের দরজাটা বন্ধ রয়েছে; কিন্তু জানছি সেখানে সাহেব মিস্ত্রি লাল, সাদা, হলদে , কালো নানা রকমের বিলাতি টালি কেটে বসাচ্ছে। মেঝেতে ঠুকঠাক খিটখাট্ ছেনির শব্দ হচ্ছে সেখানেই সারাদিন। ঘরটা যেদিন খুলল দুয়োর, সেদিন দেখি সেখানে সব কটা জানলা দরজার মাথায় মাথায় সোনার জল করা কার্নিশ বসে গেছে। আর সেগুলো থেকে ফুলকাটা ফিন ফিনে পর্দা জোড়া জোড়া ঝুলছে; পর্দাগুলো সবজে আর সোনালি রেশমে পাকানো মোটা দড়ার ফাঁকে লটকানো। পালঙ আয়নার মতো বার্নিশ করা।

**প্রশ্ন** ১+১+১+১+১

(১) বাবামশায়ের ঘরটা যে সাজানো হচ্ছিল তা বোঝা যায় কী করে?

(২) কত রঙের টালির কথা এখানে বলা হয়েছে?

(৩) বাবামশায়ের ঘরের দরজা জানালার মাথায় কী বসেছিল?

(৪) জানালার কার্নিশ থেকে কী ধরনের পর্দা ঝুলছিল?

(৫) পর্দাগুলো কী কী রঙের দড়ার ফাঁকে লটকানো ছিল?

(৬) ঘরজোড়া পালঙ্কটা কীরকম দেখতে ছিল?

**উত্তর**

(১) দরজাটা বন্ধ থাকলেও ভিতরে ঠুক্ঠাক খিট্খিট্ ছেনির শব্দে বোঝা যাচ্ছিল ঘরটা সাজানো হচ্ছে।

(২) চার রঙের টালির কথা বলা হয়েছে—লাল, সাদা, হলদে এবং কালো।

(৩) বাবামশায়ের দরজা জানলার মাথায় সোনার জলকরা কার্নিশ বসেছিল।

(৪) জানলার কার্নিশ থেকে ফুলকাটা ফিনফিনে পর্দা জোড়া জোড়া ঝুলছিল।

(৫) পর্দাগুলো সব্জে আর সোনালি রেশম জড়ানো দড়ার ফাঁকে ঝুলছিল।

(৬) ঘরজোড়া পালঙটা ছিল আয়নার মতো বার্নিশ করা।

২। **সঠিক উত্তরের পাশে () চিহ্ন দাও :** ৫×১=৫

(ক) কার ঘর সাজানা হচ্ছিল—বাবামশায়ের ☐ জ্যাঠামশায়ের ☐ মেসোমশায়ের।

(খ) জানালার পর্দাগুলো কেমন ছিল — মোটা ☐ ফিন্‌ফিনে পাতলা ☐ সাদা মোটা।

(গ) সমস্ত ঘর জুড়ে কী ছিল —চেয়ার টেবিল ☐ পালঙ ☐ কার্পেট ☐।

(ঘ) ছেনির কী রকম শব্দ হচ্ছিল—ঠুকঠাক্ ☐ খুটখাট ☐ ঠুকঠুক ☐।

(ঙ) টালিগুলি ছিল—বিলাতি ☐ দিশি ☐ কোনোটাই নয় ☐।



Scanned with CamScanner

Cancel **Note** Save

১। অনুচ্ছেদ থেকে পুরোনো ও খোলা এই দুটির বিপরীত শব্দ লেখ।

২। মস্ত কথাটির অর্থ কী?

৩। বাবামশায়ের কোন ঘর সাজানো হচ্ছিল?

৪।কী দিয়ে ঘরের দরজা বন্ধ রয়েছে?

৫। অনুচ্ছেদটিতে কোন শব্দটি পরপর দুবার আছে?

Scanned with CamScanner